

10439 - যে পোশাকগুলোতে ছবি আছে সেগুলো পরিধান করার হুকুম

প্রশ্ন

যে কাপড়গুলোতে ছবি আছে সেগুলো পরিধান করার হুকুম কি?

প্রিয় উত্তর

যে কাপড়গুলোতে প্রাণী বা মানুষের ছবি আছে সেসব কাপড় পরিধান করা নাজায়েয। অনুরূপভাবে যে রুমাল, মাথাবন্ধনী বা এ জাতীয় অন্য কোন পোশাকে প্রাণী বা মানুষের ছবি আছে সেগুলো পরিধান করাও নাজায়েয। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সাব্যস্ত হয়েছে যে, নিশ্চয় যে বাড়ীতে ছবি আছে সে বাড়ীতে ফেরেশতারা প্রবেশ করে না। এ কারণে আমরা স্মৃতি হিসেবে ছবি রাখাকে জায়েয মনে করি না এবং যার কাছে স্মৃতিমূলক কোন ছবি আছে সেটা দেয়ালে টানানো থাকুক কিংবা অ্যালবামে থাকুক কিংবা অন্য কোথাও থাকুক; সেগুলো নষ্ট করে ফেলা আবশ্যিকীয়। কেননা এ ছবিগুলো অবশিষ্ট রাখার দাবী হচ্ছে বাড়ীতে ফেরেশতাদের প্রবেশ থেকে বাড়ীর অধিবাসীরা বঞ্চিত হওয়া। আপনি যে হাদিসটির দিকে ইশারা করেছেন সেটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সহিহ সাব্যস্ত হয়েছে।

আল্লাহুই সর্বজ্ঞ।